

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১০৭৯

১/ বিবিধ

আরবী

أَمَرَكَ بِالْوَالِدَيْنِ خَيْرًا، قَالَ: وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ نَبِيًّا لِأَجَاهِدُنَّ، وَلَأَتْرُكَهُمَا! قَالَ: أَنْتَ أَعْلَمُ
مَنْكَرٌ بِهَذَا السِّيَاقِ

أَخْرَجَهُ أَحْمَدُ (2/172) مِنْ طَرِيقِ ابْنِ لَهْيَعَةَ: حَدَّثَنِي حَيُّ بْنُ عَبْدِ اللَّهِ أَنَّ أَبَا عَبْدِ اللَّهِ
أَنَّ أَبَا عَبْدِ الرَّحْمَنِ حَدَّثَهُ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرٍو قَالَ: "إِنَّ رَجُلًا جَاءَ إِلَى النَّبِيِّ صَلَّى
اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَأَلَهُ عَنْ أَفْضَلِ الْأَعْمَالِ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
الصَّلَاةُ، ثُمَّ قَالَ: مَه؟ قَالَ: الصَّلَاةُ، ثُمَّ قَالَ: مَه؟ قَالَ: الصَّلَاةُ، ثَلَاثَ مَرَّاتٍ، قَالَ: فَلَمَّا
غَلَبَ عَلَيْهِ، قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ، قَالَ الرَّجُلُ:
فَإِنِّي لِي وَالِدَيْنِ، قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَذَكَرَهُ
قُلْتُ: وَهَذَا إِسْنَادٌ ضَعِيفٌ، ابْنُ لَهْيَعَةَ ضَعِيفٌ سَيِّئُ الْحِفْظِ
وَالْمَحْفُوظُ فِي هَذَا الْحَدِيثِ مِنْ طَرُقٍ أُخْرَى عَنْ ابْنِ عَمْرٍو بِلَفْظٍ
"فَقَالَ: أَحْيِ وَالِدَكَ، قَالَ: نَعَمْ، قَالَ: فَفِيهِمَا فَجَاهِدُ
أَخْرَجَهُ الشَّيْخَانِ وَغَيْرُهُمَا، وَقَدْ ذَكَرْتُ طَرْقَهُ وَشَوَاهِدَهُ فِي "إِرْوَاءِ الْغَلِيلِ" (رَقْمُ
1199)، فَقَوْلُهُ فِي هَذَا الْحَدِيثِ
"أَنْتَ أَعْلَمُ" مُخَالَفٌ لِقَوْلِهِ: "فَفِيهِمَا فَجَاهِدُ" فَهُوَ مَنْكَرٌ بِهَذَا اللَّفْظِ، وَاللَّهُ أَعْلَمُ ثُمَّ رَأَيْتُ
الْحَدِيثَ قَدْ أَخْرَجَهُ ابْنُ حَبَانَ (258) مِنْ طَرِيقِ ابْنِ وَهْبٍ: أَخْبَرَنِي حَيُّ بْنُ عَبْدِ اللَّهِ
فَإِنَّهُ مُخْتَلَفٌ فِيهِ، قَالَ ابْنُ مَعِينٍ

ليس به بأس، وقال ابن عدي
أرجو أنه لا بأس به إذا روى عنه ثقة، وقال أحمد
أحاديثه مناكير، وقال البخاري
فيه نظر، وقال النسائي: ليس بالقوي
قلت: فمثله لا يحتج به عند المخالفة، والله أعلم

বাংলা

১০৭৯। আমি তোমাকে পিতা-মাতার ব্যাপারে উত্তম আচরণ করার নির্দেশ দিচ্ছি। সে বললঃ সেই সত্ত্বার কসম যিনি আপনাকে সত্য সহকারে নবী হিসেবে প্রেরণ করেছেন। অবশ্যই আমি জেহাদ করব আর তাদের দু'জনকে পরিত্যাগ করব। তিনি বললেনঃ তুমিই বেশী জান।

এ ভাষায় হাদীসটি মুনকার।

এটি ইমাম আহমাদ (২/১৭২) ইবনু লাহীয়াহর সূত্রে হুইয়ায় ইবনু আবদিল্লাহ হতে, তিনি আবু আবদুর রহমান হতে, তিনি আবদুল্লাহ ইবনু আমর হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ এক ব্যক্তি রসূল সাল্লাল্লাহু আলাইহু ওয়াসাল্লাম-এর নিকট এসে তাকে সবোত্তম কর্মের ব্যাপারে জিজ্ঞাসা করলেন ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। ইবনু লাহীয়াহ দুর্বল, তার হেফযে ত্রুটি ছিল। ইবনু আমর হতে অন্য সূত্রগুলোতে নিরাপদ হিসেবে হাদীসটি নিম্নের বাক্যে বর্ণিত হয়েছে।

রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমার পিতা-মাতা জীবিত আছে? সে বললঃ জি হ্যাঁ। তিনি বললেনঃ তুমি তাদের সাথে অবস্থান করে তাদের ব্যাপারে জেহাদ কর।

এটি ইমাম বুখারী, মুসলিম প্রমুখ বর্ণনা করেছেন। আমি এর সূত্র ও শাহেদগুলো “ইরউয়াউল গালীল” গ্রন্থে (নং ১১৯৯) উল্লেখ করেছি।

আলোচ্য হাদীসটির ভাষায় ‘তুমিই বেশী জান’ কথাটি সহীহ হাদীসের "তুমি তাদের সাথে অবস্থান করে তাদের ব্যাপারে জেহাদ কর" এ বাক্য বিরোধী। অতএব হাদীসটি "তুমিই বেশী জান" বাক্যে মুনকার।

এছাড়া আরেক বর্ণনাকারী হুইয়ায় ইবনু আবদিল্লাহ বিতর্কিত বর্ণনাকারী। তার সম্পর্কে ইবনু মাঈন বলেন তার ব্যাপারে কোন সমস্যা নেই। ইবনু আদী বলেনঃ আমি আশা করি যে, যখন তার থেকে নির্ভরযোগ্য বর্ণনাকারী বর্ণনা করবেন তখন তার ব্যাপারে কোন সমস্যা নেই।

ইমাম আহমাদ বলেনঃ তার হাদীসগুলো মুনকার পর্যায়ভুক্ত। ইমাম বুখারী বলেনঃ তার ব্যাপারে বিরূপ মন্তব্য

রয়েছে। নাসাঈ বলেনঃ তিনি শক্তিশালী নন।

আমি (আলবানী) বলছিঃ বিরোধিতার সময় তার ন্যায় বর্ণনাকারীর দ্বারা দলীল গ্রহণ করা যায় না।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71958>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন